MAR. 0 6 200[illegible]

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

## পদোন্নতির দাবীতে বিসিএস (শিক্ষা) ক্যাডারের সদস্যদের ক্লাস বর্জনের হুমকি

বাসস ॥ সম্প্রতি বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কিছুসংখ্যক কর্মকর্তা পদোন্নতির দাবীতে এক সমাবেশে অংশগ্রহণ করেন এবং এ ব্যাপারে সরকারকে দোষারোপ করিয়া ক্লাস বর্জনের হুমকি দিয়াছেন। বিসিএস (সাধারণ শিক্ষা)

(১৩শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পদোন্নতির দাবীতে বিসিএস

(৩য় পৃঃ পর)

ক্যাডারের কর্মকর্তাগণ নিজেরাই মামলা, পাল্টা মামলা করিয়া বহু বছর যাবৎ এই পদোন্নতি বন্ধ করিয়া রাখেন বলিয়া জানা গিয়াছে। সরকারী উদ্যোগে মধ্যস্থতা করিয়া এই জট খোলা হয় এবং বিশেষ করিয়া মধ্যস্তরের কর্মকর্তাদের পদোন্নতির বন্ধ হওয়া প্রক্রিয়া আবার শুরু হয়। কিন্তু শিক্ষকদেরই অন্য একটি দল আবারও আদালতে মামলা করিয়া ৬ মাসের জন্য এই পদোন্নতির প্রক্রিয়া স্থগিত করিয়া দিয়াছে, শিক্ষকরা নিজেরাও এ ঘটনা জানেন। সরকার বিসিএসের (সাধারণ শিক্ষা) সদস্যদের অনুরোধ করিয়াছে, তাহারা ক্লাস নেওয়া হইতে বিরত থাকা অথবা শিক্ষাঙ্গনে পরিবেশ নষ্ট করার কাজ হইতে নিবৃত্ত থাকিবেন, অন্যথায় সরকার আইনগত ব্যবস্থা নিতে বাধ্য হইবে।